# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 06 May, 2025

এক সময়ের জনপ্রিয় ও ব্যস্ত চলচ্চিত্র তারকা ওমর সানীর জন্মদিন আজ।১৯৬৯ সালের ৬ মে বরিশালে জন্মগ্রহণ করেন তিনি।বিশেষ দিনটি উপলক্ষে তিনি বলেন, ‘আমার বাবা-মার কাছে আমি কৃতজ্ঞ।তাদের কল্যাণে আমি পৃথিবীতে আসতে পেরেছিলাম আল্লার রহমতে।এ মাসে একটা মিশ্র অনুভূতি কাজ করে আমার মধ্যে।এ মাসের ২৩ তারিখে আমার মা মারা গিয়েছেন। তাই এই মাসটা আমার জন্য দুঃখের।এই মাসেই আবার আমার জন্মদিন।তাই সুখেরও।এই মাসে কোনো পরিবারের অনুষ্ঠান রাখি না; রাখবো না।আমি যে পর্যন্ত বেঁচে থাকব।

কাজের কথা জানিয়ে ওমর সানী বলেন, ‘পরিবার তো বাহিরে আছে, কথা হয়, দেখা হয়। সোশ্যাল মাধ্যমগুলো সেই সুযোগ করে দিয়েছে।আজ তাদের সাথে কথা হবে।এছাড়া আজকে বেশ কয়েক জায়গায় যাব।আড্ডা দিবো কাছের মানুষদের সঙ্গে।

ভক্তদের কাছে ‘যারা ভালোবাসেন তার দয়া করে ভালোবেসে যাবেন’ বলে দাবি করেছেন ওমর সানী।‘কুলি’খ্যাত এই নায়ক আরও বলেন, ‘মানুষের কাছাকাছি থাকতে চাই।দেশটাকে ভালোবাসতে চাই।দেশের ভালো মানুষগুলোকে নিয়ে কথা বলতে চাই।আমি সারাজীবন স্পষ্ট কথা বলেছি।সামনের দিনগুলোতেও সেইটা বলতে চাই।যারা বুঝার বুঝে নেবেন।

দর্শক ও ভক্তদের উদ্দেশে ওমর সানী বলেন, ‘সবাই দোয়া করবেন আমার ও পরিবারের সবার জন্য।সবাই ভালোবাসায় রাখবেন, যেন সুস্থ থাকতে পারি।

প্রসঙ্গত, ১৯৯২ সালে নুর হোসেন বলাইয়ের ‘এই নিয়ে সংসার’ চলচ্চিত্রের মাধ্যমে রঙিন

দুনিয়ায় পা রাখেন ওমর সানী। এরপর বেশ কিছু সুপারহিট ছবি উপহার দিয়েছেন। জয় করেছেন রোমান্টিক ও অ্যাকশন হিরোর তকমাও। ২০০৩ সালে তিনি খলনায়কের ভূমিকায় অভিনয় শুরু করেন। সেই সিনেমার নাম ছিল ‘ওর দালাল’। সিনেমাটির নায়ক ছিলেন শাকিব খান।

১৯৯৬ সালে অভিনেত্রী মৌসুমীকে ভালোবেসে বিয়ে করেন ওমর সানী। এখন শোবিজের অন্যতম সফল জুটি তারা। এই দম্পতির সংসারে এক পুত্র ও এক কন্যা সন্তান রয়েছে।

ওমর-সানি মৌসুমী ঢালিউড বাংলা-মুভি চলচ্চিত্র শুভ-জন্মদিন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 08:55

URL: https://www.timestodaybd.com/public/entertainment/2028775807